২৩

দৈনিক ইনকিলাব

তারিখ ... 1-1 0F .. 1928 ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৫ ...

## বাংলা একাডেমীর অভিধানে মোল্লা শব্দের অর্থ

বাংলা একাডেমীর সংক্ষিপ্ত বাংলা অভিধানে 'মোল্লার দৌড় মসজিদ পর্যন্ত' যার অর্থ করা হয়েছে মসজিদের বাইরের জগত সম্পর্কে যার জ্ঞান নেই, তার জ্ঞান ও শক্তি মসজিদের ভিতরেই সীমাবদ্ধ।

এটা নিতান্তই বোকার মত কথা, যে মোল্লা তার জ্ঞান এত সীমাবদ্ধ নয়, মোল্লা অর্থ পণ্ডিত। যেমন, মোল্লা আলী, মোল্লা জিয়ন, মোল্লা নাসিরুদ্দীন।

বর্তমানে আফগানিস্তানের নেতৃত্বে রয়েছেন মোল্লা ওমর, এরা এত স্বল্প জ্ঞানের অধিকারী হলে দেশ পরিচালনা

করা কেমন করে সম্ভব হত? সংক্ষিপ্ত এই অভিধানে বাংলাও যথেষ্ট শব্দ রয়েছে যা খুঁজে পাওয়া যায় না অথচ আরবী, ফার্সি শব্দ এনে অভিধানে যুক্ত

করে ঠাট্টা করে বাংলা ভাষাকে কলুষিত করার কোন অর্থ নেই। যিনি সম্পাদনা করেছেন তিনি আমাদের অচেনা নন,

যদি সম্ভব হয় তবে বাংলা শব্দকে আরও বর্ধিত করা, এটা বাংলা ভাষার অভিধান

যে ভাষায় বার কোটি মানুষ কথা বলে, যে ভাষার জন্য আমাদের অনেক রক্ত, অনেক প্রাণ দিতে হয়েছে এটা আমরা

ভুলিনি, ভুলতে পারবও না। তবে একথা ভুলে গেলে চলবে না, অভিধান সম্পাদনা করার দায়িত্ব যাকে দেয়া হয়েছে বাংলা

ভাষার প্রতি তাকে খুব যত্নশীল হতে হবে। ভাষা নিয়ে তামাশা করার কোন সুযোগ এখানে কারো নেই। "মোল্লার দৌড় মসজিদ পর্যন্ত", চোট্টার দৌড় বাজার পর্যন্ত। এগুলো অভিধানে রাখার মত কোন শব্দ আমি মনে করি না। এ

ধরনের শব্দ মাতৃভাষাকে কলুষিত করে, এটা অভিধান থেকে মুছে ফেলার জন্য পরামর্শ দেয়া গেল। আশা করি, পরবর্তী

সংস্করণে এ ধরনের আপত্তিকর কোন শব্দ বাংলা একাডেমীর অভিধানে আসবে না।

এইচ এম এম এ হাকিম বিন কাদির
চৌহাট্টা,
সিলেট